গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খফ ৩৬২৪৮৪৭

চুক্তিপত্র নং-৪৬.১১৩.২০৫.০০.০০.৩৬/২২/৪০ তারিখ-০৪/০৩/২০২৪ খ্রিঃ।

"চুক্তিপত্র"

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, ওয়াসা ভবন, ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, থানা ঃ তেজগাঁও, ঢাকা-১২১৫।

......................প্রথম পক্ষ

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন প্রধান কার্যালয় ঢাকা মহানগরের মতিঝিল থানাধীন ২১, রাজউক এভিনিউস্থ পরিবহন ভবনে অবস্থিত। উক্ত কর্পোরেশনের মতিঝিল বাস ডিপোর ম্যানেজার (অপাঃ) প্রতিনিধিত্বকারী।

....................দ্বিতীয় পক্ষ

ঢাকা ওয়াসার কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আনা-নেয়ার জন্য জ্বালানী ও চালকসহ সিএনজি চালিত ৫২ আসন বিশিষ্ট ১টি স্টাফ বাস ভাড়া প্রদান করার লক্ষ্যে ঢাকা ওয়াসা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত রুটে চলাচলের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দৈনিক ভাড়া ভ্যাটসহ ৫,৪৪৭/-(পাঁচ হাজার চারশত সাতচল্লিশ) টাকায় নিম্নে আরোপিত শর্ত সাপেক্ষে প্রথম পক্ষ সম্মত হওয়ায় অদ্য ০৪/০৩/২০২৪ ইং তারিখে উভয় পক্ষের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হলো।

চলমান পাতা-২

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খফ ৩৬২৪৮৪৮

শর্তাবলী ঃ-

(১) ৫২ আসন বিশিষ্ট স্টাফ বাসটি ওয়াসা ভবন-দুয়ারীপাড়া স্টাফ কোয়ার্টার (ভায়া-মিরপুর-২, মিরপুর-১, টেকনিক্যাল, শ্যামলী, আসাদগেট, ফার্মগেট) রুটে স্টাফ আনা-নেয়ার জন্য চলাচল করবে।

(২) অত্র চুক্তিনামার মেয়াদ ১ বছর অর্থাৎ ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ হতে ০২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে। প্রয়োজনে উভয় পক্ষ আলোচনার মাধ্যমে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তির মেয়াদ বৃদ্ধি করতে পারবে।

(৩) প্রত্যেক দিন স্টাফ বাসের চালককে নির্দিষ্ট স্টপেজ হতে স্টাফ নিয়ে সকাল-৯.০০ টায় ওয়াসা ভবনে পৌছাতে হবে এবং বিকাল-৫.০৫ মিনিটে স্টাফ নিয়ে ওয়াসা ভবন ছেড়ে যাবে।

(৪) স্টাফ পরিবহনের ক্ষেত্রে স্টাফ বাসটির সার্বিক গুনগতমান ভালো হতে হবে এবং বাসটির চালক ও হেলপারকে স্টাফদের সঙ্গে ভাল ব্যবহার করতে হবে।

(৫) প্রত্যেক মাসের বিলের টাকা পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে চেয়ারম্যান, বিআরটিসি এর অনুকূলে ক্রস চেক/পে-অর্ডার এর মাধ্যমে প্রথম পক্ষ (ঢাকা ওয়াসা) পরিশোধ করবেন।

(৬) বাসের জ্বালানী, রক্ষণাবেক্ষণ, কর্মচারীদের বেতন ভাতা, সড়ক কর, ইত্যাদি যাবতীয় খরচ দ্বিতীয় পক্ষ (বিআরটিসি) বহন করবেন।

(৭) নির্দিষ্ট স্টপেজসমূহ হতে ওয়াসা ভবনের স্টাফদের সুষ্ঠুভাবে পরিবহন করার জন্য এবং স্টাফদের মধ্যে শৃঙ্খলা রক্ষা ও গাড়ী চালকের সঙ্গে যোগাযোগ করার জন্য প্রথম পক্ষ (ঢাকা ওয়াসা) কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি নিয়োজিত করবেন। এ জন্য দ্বিতীয় পক্ষ (বিআরটিসি) মনোনীত প্রতিনিধিকে কোনো বেতন/ভাতা প্রদান করবে না।

(৮) স্টাফদের পরিবহনকালে পথিমধ্যে বাসটির যান্ত্রিক ত্রুটি দেখা দিলে অথবা কোনো কারণে চালক অসুস্থ হয়ে পড়লে মতিঝিল বাস ডিপো কর্তৃপক্ষের ০২-৪৮৩১৩৮০৩ নং টেলিফোন নম্বরে অবহিত করতে হবে এবং ডিপো কর্তৃপক্ষ স্বল্প সময়ের মধ্যে বাস ও চালক পরিবর্তন করতে সচেষ্ট থাকবেন। নতুবা উক্ত ট্রিপের টাকা প্রথম পক্ষ (ঢাকা ওয়াসা) কর্তৃক কর্তন করা হবে।

(৯) সাধারণ ধর্মঘট, হরতাল, অবরোধ, রাজপথে আন্দোলনের ক্ষেত্রে উভয়পক্ষ আলাপ-আলোচনা সাপেক্ষে স্টাফ পরিবহনের ব্যবস্থা করবে।

(১০) প্রাকৃতিক দুর্যোগ বা অনিবার্য কারণে স্টাফ বাসটি স্টাফ পরিবহনে ব্যর্থ হলে উক্ত দিনের বিল প্রথম পক্ষ (ঢাকা ওয়াসা) কর্তৃক কর্তন করা হবে।

চলমান পাতা-৩

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খম ৪৫৩৪৬৯৭

(১১) চুক্তির মেয়াদকালীন অর্থাৎ ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ হতে ০২ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখের মধ্যে বাস ভাড়া বৃদ্ধি করা যাবে না। তবে, জ্বালানী মূল্য বা সরকারিভাবে বাস ভাড়া বৃদ্ধি করা হলে ভাড়া বৃদ্ধির বিষয়টি পরবর্তী চুক্তির মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে উভয় পক্ষের আলোচনা অনুযায়ী কার্যকরের ব্যবস্থা গ্রহণ করা যাবে।

আমরা উভয় পক্ষ বর্ণিত শর্তাবলী পড়ে এর মর্ম উপলব্ধি করে মেনে নিয়ে স্বেচ্ছায়, স্বজ্ঞানে এবং কারো প্ররোচণা ব্যতিরেকে এই চুক্তিনামায় স্বাক্ষর করলাম।

14.3.24

শেখ এনায়েত আবদুল্লাহ
উপ-সচিব (চঃ দাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

০৪/২/২৪

মোঃ মোশারফ হোসেন
ম্যানেজার (অপাঃ)
বিআরটিসি মতিঝিল বাস ডিপো

স্বাক্ষী ঃ প্রথম পক্ষ

১।

মোঃ আনিছুর রহমান মন্ডল
পরিবহন কর্মকর্তা
পরিবহন পুল
ঢাকা ওয়াসা।

২।

স্বাক্ষীঃ দ্বিতীয় পক্ষ

১।

৪/১২/২৪

মোঃ মোস্তাফিজুর রহমান
সহকারী পরিবান কর্মকর্তা
বি,আর,টি,সি, মতিঝিল বাস ডিপো।

২

৪/02/2024

01833954567

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গঘ ১০৭৫৭১৬

চুক্তিপত্র নং-৪৬.১১৩.২০৫.০০.০০.৩৬/২২/১০৬

তারিখ-০৬/০৫/২০২৫ খ্রিঃ।

"চুক্তিপত্র"

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, ওয়াসা ভবন, ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, থানা ঃ তেজগাঁও, ঢাকা-১২১৫।

......................প্রথম পক্ষ

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন প্রধান কার্যালয় ঢাকা মহানগরের মতিঝিল থানাধীন ২১, রাজউক এভিনিউস্থ পরিবহন ভবনে অবস্থিত। উক্ত কর্পোরেশনের মতিঝিল বাস ডিপোর ম্যানেজার (অপাঃ) প্রতিনিধিত্বকারী।

.....................দ্বিতীয় পক্ষ

ঢাকা ওয়াসার কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আনা-নেয়ার জন্য জ্বালানী ও চালকসহ সিএনজি চালিত ৫২ আসন বিশিষ্ট ১টি স্টাফ বাস ভাড়া প্রদান করার লক্ষ্যে ঢাকা ওয়াসা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত রুটে চলাচলের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দৈনিক ভাড়া ভ্যাটসহ ৫,৪৪৭/-(পাঁচ হাজার চারশত সাতচল্লিশ) টাকায় নিম্নে আরোপিত শর্ত সাপেক্ষে প্রথম পক্ষ সম্মত হওয়ায় অদ্য ০৬/০৫/২০২৫ ইং তারিখে উভয় পক্ষের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হলো।

চলমান পাতা-২

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গঘ ১০৭৫৭১৭

শর্তাবলী ঃ-

(১) ৫২ আসন বিশিষ্ট স্টাফ বাসটি ওয়াসা ভবন-দুয়ারীপাড়া স্টাফ কোয়ার্টার (ভায়া-মিরপুর-২, মিরপুর-১, টেকনিক্যাল, শ্যামলী, আসাদগেট, ফার্মগেট) রুটে স্টাফ আনা-নেয়ার জন্য চলাচল করবে।

(২) অত্র চুক্তিনামার মেয়াদ ০৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ হতে ৩০ জুন, ২০২৫ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে। প্রয়োজনে উভয় পক্ষ আলোচনার মাধ্যমে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তির মেয়াদ বৃদ্ধি করতে পারবে।

(৩) প্রত্যেক দিন স্টাফ বাসের চালককে নির্দিষ্ট স্টপেজ হতে স্টাফ নিয়ে সকাল-৯.০০ টায় ওয়াসা ভবনে পৌছাতে হবে এবং বিকাল-৫.০৫ মিনিটে স্টাফ নিয়ে ওয়াসা ভবন ছেড়ে যাবে।

(৪) স্টাফ পরিবহনের ক্ষেত্রে স্টাফ বাসটির সার্বিক গুনগতমান ভালো হতে হবে এবং বাসটির চালক ও হেলপারকে স্টাফদের সঙ্গে ভাল ব্যবহার করতে হবে।

(৫) প্রত্যেক মাসের বিলের টাকা পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে চেয়ারম্যান, বিআরটিসি এর অনুকূলে ক্রস চেক/পে-অর্ডার এর মাধ্যমে প্রথম পক্ষ (ঢাকা ওয়াসা) পরিশোধ করবেন।

(৬) বাসের জ্বালানী, রক্ষণাবেক্ষণ, কর্মচারীদের বেতন ভাতা, সড়ক কর, ইত্যাদি যাবতীয় খরচ দ্বিতীয় পক্ষ (বিআরটিসি) বহন করবেন।

(৭) নির্দিষ্ট স্টপেজসমূহ হতে ওয়াসা ভবনের স্টাফদের সুষ্ঠুভাবে পরিবহন করার জন্য এবং স্টাফদের মধ্যে শৃঙ্খলা রক্ষা ও গাড়ী চালকের সঙ্গে যোগাযোগ করার জন্য প্রথম পক্ষ (ঢাকা ওয়াসা) কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি নিয়োজিত করবেন। এ জন্য দ্বিতীয় পক্ষ (বিআরটিসি) মনোনীত প্রতিনিধিকে কোনো বেতন/ভাতা প্রদান করবে না।

(৮) স্টাফদের পরিবহনকালে পথিমধ্যে বাসটির যান্ত্রিক ত্রুটি দেখা দিলে অথবা কোনো কারণে চালক অসুস্থ হয়ে পড়লে মতিঝিল বাস ডিপো কর্তৃপক্ষের ০২-৪৮৩১৩৮০৩ নং টেলিফোন নম্বরে অবহিত করতে হবে এবং ডিপো কর্তৃপক্ষ স্বল্প সময়ের মধ্যে বাস ও চালক পরিবর্তন করতে সচেষ্ট থাকবেন। নতুবা উক্ত ট্রিপের টাকা প্রথম পক্ষ (ঢাকা ওয়াসা) কর্তৃক কর্তন করা হবে।

(৯) সাধারণ ধর্মঘট, হরতাল, অবরোধ, রাজপথে আন্দোলনের ক্ষেত্রে উভয়পক্ষ আলাপ-আলোচনা সাপেক্ষে স্টাফ পরিবহনের ব্যবস্থা করবে।

(১০) প্রাকৃতিক দুর্যোগ বা অনিবার্য কারণে স্টাফ বাসটি স্টাফ পরিবহনে ব্যর্থ হলে উক্ত দিনের বিল প্রথম পক্ষ (ঢাকা ওয়াসা) কর্তৃক কর্তন করা হবে।

চলমান পাতা-৩

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গঘ ১০৭৫৭১৮

(১১) চুক্তির মেয়াদকালীন অর্থাৎ ০৩ ফেব্রুয়ারি, ২০২৫ হতে ৩০ জুন, ২০২৫ তারিখের মধ্যে বাস ভাড়া বৃদ্ধি করা যাবে না। তবে, জ্বালানী মূল্য বা সরকারিভাবে বাস ভাড়া বৃদ্ধি করা হলে ভাড়া বৃদ্ধির বিষয়টি পরবর্তী চুক্তির মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে উভয় পক্ষের আলোচনা অনুযায়ী কার্যকরের ব্যবস্থা গ্রহণ করা যাবে।

আমরা উভয় পক্ষ বর্ণিত শর্তাবলী পড়ে এর মর্ম উপলব্ধি করে মেনে নিয়ে স্বেচ্ছায়, স্বজ্ঞানে এবং কারো প্ররোচণা ব্যতিরেকে এই চুক্তিনামায় স্বাক্ষর করলাম।

মোঃ সুলতান মাহমুদ
পরিবহন কর্মকর্তা
পরিবহনপুল
ঢাকা ওয়াসা

ওমর ফারুক মেহেদী
ম্যানেজার (অপাঃ)
বিআরটিসি মতিঝিল বাস ডিপো

স্বাক্ষী ঃ প্রথম পক্ষ

১।

রোকেয়া সুলতানা
হিসাব রক্ষক
পরিবহন পুল
ঢাকা ওয়াসা

২।

07/05/25
কাওসার আহমেদ
কম্পিউটার অপারেটর
পরিবহন পুল, ঢাকা ওয়াসা

স্বাক্ষীঃ দ্বিতীয় পক্ষ

১। মো: মামুনুর রশিদ

(মোঃ মামুনুর রশিদ)
সহকারী পরিযান কর্মকর্তা
বিআরটিসি, মতিঝিল বাস ডিপো

২। মো: আরিফ ভূঁইয়া
অফিস সহকারী
বি,আর,টি,সি মতিঝিল বাস ডিপো
01736686148

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner